

## 📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫১১

৬. সদাচার ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ প্রতিবেশীকে কষ্ট দেওয়া থেকে বিরত থাকা ঈমানের অন্তর্ভুক্ত - এই মর্মে হাদীস

ذَكَرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى أَنَّ مُجَانِبَةَ الرَّجُلِ أَذَى جِرَانِهِ مِنَ الْإِيمَانِ

আরবী

أَخْبَرَنَا بَكْرُ بْنُ أَحْمَدَ بْنِ سَعِيدٍ الطَّاحِيُّ الْعَابِدُ بِالْبَصْرَةِ حَدَّثَنَا نَصْرُ بْنُ عَلِيٍّ بْنُ نَصْرِ أَخْبَرَنَا أَبِي عَنْ شُعْبَةَ عَنْ قُرَّةَ بْنِ خَالِدٍ عَنْ قُرَّةَ بْنِ مُوسَى الْهُجَيْمِيِّ: عَنْ سُلَيْمِ بْنِ جَابِرِ الْهُجَيْمِيِّ قَالَ: انْتَهَيْتُ إِلَى النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ وَهُوَ مُحْتَبٍ فِي بُرْدَةٍ لَهُ وَإِنْ هُدْبُهَا لَعَلَى قَدَمَيْهِ فَقُلْتُ: يَا رَسُولَ اللَّهِ أَوْصِنِي قَالَ: (عَلَيْكَ بِاتِّقَاءِ اللَّهِ وَلَا تَحْقِرَنَّ مِنَ الْمَعْرُوفِ شَيْئًا وَلَوْ أَنْ تُفْرِغَ مِنْ دَلُوكَ فِي إِنَاءِ الْمُسْتَقِيِّ وَتُكَلِّمَ أَخَاكَ وَوَجْهَكَ إِلَيْهِ مُنْبَسِطٌ وَإِيَّاكَ وَإِسْبَالَ الْإِزَارِ فَإِنَّهَا مِنَ الْمَخِيلَةِ وَلَا يُحِبُّهَا اللَّهُ وَإِنْ أَمْرُكَ بِشَيْءٍ يَعْلَمُهُ فِيكَ فَلَا تُعَيِّرْهُ بِشَيْءٍ تَعْلَمُهُ مِنْهُ دَعَاهُ يَكُونُ وَبَالُهُ عَلَيْهِ وَأَجْرُهُ لَكَ وَلَا تَسْبِنَنَّ شَيْئًا) قَالَ: فَمَا سَبَبْتُ بَعْدَهُ دَابَّةً وَلَا إِنْسَانًا.

الراوي : سُلَيْمِ بْنُ جَابِرٍ الْهُجَيْمِيِّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 511 | خلاصة حكم المحدث: صحيح لغيره.

বাংলা

৫১১. সুলাইম বিন জাবির আল হুজাইমী রাদ্বিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে আসলাম, এসময় তিনি তাঁর একটি চাদর জড়িয়ে ছিলেন আর চাদরের পাড় তাঁর দুই পায়ের পাতার উপর ছিল। আমি তাঁকে বললাম: “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমাকে কিছু উপদেশ দিন।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: “তোমার জন্য আবশ্যক হলো আল্লাহকে ভয় করে চলা, কোন ভাল কাজকেই তুচ্ছ জ্ঞান করবে না, যদিও সেটা হয় পানি প্রার্থীর পাত্রে তোমার বালতি থেকে পানি ঢেলে দেওয়া এবং তোমার ভাইয়ের সাথে প্রশস্ত চেহারায়া কথা বলা। লুপ্তি গিরার নিচে ঝুলিয়ে পরা থেকে বেঁচে থাকবে, কেননা এটি অহংকারের অন্তর্ভুক্ত, যা মহান আল্লাহ ভালবাসেন না। যদি ব্যক্তি যদি তোমার কোন

দোষ জেনে তার মাধ্যমে তোমার নিন্দা করে, তবে তুমি তার মধ্যে যে দোষ জানো, তার মাধ্যমে তার নিন্দা করো না। তাকে ছেড়ে দাও। এর বিপদ তার উপর বর্তাবে আর তোমার থাকবে এর প্রতিদান। আর তুমি কোন কিছুকেই গালমন্দ করবে না।” রাবী বলেন: “এরপর থেকে আমি কোন প্রাণী বা কোন মানুষকেই গালমন্দ করি নাই!”[1]

## ফুটনোট

[1] হাদীসটি কোন কোন নুসখায় এখানে নেই।

আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আস সহীহাহ: ১৩৫২।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ সুলাইম বিন জাবির আল হুজাইমী (রা.)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88975>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন